



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.০৬.০০২৭.২৫.৪৬২

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্থায়ী আদেশ-১৫/২০২৫

১। কোম্পানিতে বিভিন্ন ক্রয়কার্য (পণ্য, কার্য, সেবা ইত্যাদি) সম্পাদনের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর তফসিল-২ বিধি ৯(১) এর আলোকে নিম্নোক্তভাবে ৩ (তিন) সদস্য বিশিষ্ট বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন করা হলো:

১।	উপমহাব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা (ক্রয়কারী বিভাগের প্রধান)	আহবায়ক
২।	ব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা (ক্রয়কারীর নিজ দপ্তর হইতে বা অন্য ক্রয়কারী দপ্তরের কর্মকর্তা)	সদস্য
৩।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা (ক্রয়কারীর নিজ দপ্তর হইতে বা অন্য ক্রয়কারী দপ্তরের কর্মকর্তা)	সদস্য সচিব

২। কমিটির কার্যপরিধি(ToR):

২.১। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী কোম্পানিতে বিভিন্ন ক্রয়কার্য সম্পাদনে পণ্য, কার্য ও ভৌতসেবা ক্রয়ে কারিগরি বা কার্যসম্পাদন বিনির্দেশ বা বুদ্ধিবৃত্তিক ও পেশাগতসেবা ক্রয়ে কর্মপরিধি প্রণয়ন করবে এবং পরবর্তীকালে বাজার দর যাচাই বা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত দর তফসিল মোতাবেক দাপ্তরিক ব্যয়প্রাক্কলন প্রণয়ন করবে;

২.২। এতদবিষয়ে অন্যান্য মতামত (যদি থাকে) প্রদান।

৩। পিপিআর, ২০০৮ অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণের লক্ষ্যে ইতোপূর্বে জারীকৃত স্থায়ী আদেশ নং-০৭/২০২৪, তারিখ: ২২ অক্টোবর ২০২৪ বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।



০৪-১২-২০২৫

শাহনেওয়াজ পারভেজ

ব্যবস্থাপনা পরিচালক

+৮৮০২৪১০১০৩৬৩ (ফোন)

৮৮-০২-৮১৪২২৫০ (ফ্যাক্স)

mdtitasgas@titasgas.org.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.০৬.০০২৭.২৫.৪৬২/১ (৯)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক(সাধারণ)সকল।
- ২। মহাব্যবস্থাপক(হিসাব)সকল।
- ৩। মহাব্যবস্থাপক(কারিগরি) সকল।
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৬। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৮। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৯। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।



০৪-১২-২০২৫

শাহনেওয়াজ পারভেজ

ব্যবস্থাপনা পরিচালক